



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

(www.ebmeb.gov.bd/ www.bmeb.gov.bd)

স্মারক নম্বরঃ বামাশিবো/পরী/দাখিল-২০১৬/ ৫৮৬ /

তারিখ : ১৭ /০৯/২০১৫খ্রিঃ।

২০১৬ সালে অনুষ্ঠিতব্য দাখিল পরীক্ষা সংক্রান্ত

বিজ্ঞপ্তি

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাভুক্ত মাদরাসা প্রধান ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৬ সালে অনুষ্ঠিতব্য দাখিল পরীক্ষার আবেদন ফরম (e-FF) Online-এ পূরণ এবং প্রয়োজনীয় ফি জমা দেয়ার সময়সূচি ও নিয়মাবলি নিম্নরূপঃ

বিবরণ	তারিখ
(ক) ২০১৬ সালে দাখিল পরীক্ষায় (রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে) অংশগ্রহণে ইচ্ছুক জি.পি.এ উন্নয়ন এবং আংশিক (২০১৫ সালের দাখিল পরীক্ষায় ০১(এক) থেকে ০৪(চার) বিষয়/গ্রুপে অকৃতকার্য- যার জন্য যা প্রয়োজ্য) সহ সকল পরীক্ষার্থীদের নিজ নিজ মাদরাসা প্রধানের নিকট সাদা কাগজে আবেদন করার শেষ তারিখ।	২৭-০৯-২০১৫
(খ) নির্বাচনী পরীক্ষা গ্রহণ ও ফল প্রকাশের শেষ তারিখ।	০৫-১১-২০১৫
(গ) বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের Web Site -এ পরীক্ষার্থীদের সম্ভাব্য তালিকা প্রদর্শনের তারিখ।	১১-১১-২০১৫
(ঘ) প্রদর্শিত সম্ভাব্য তালিকা হতে Online-এ ফরম (e-FF) পূরণ এবং বিলম্ব ফি ছাড়া TT স্লিপ বের করার তারিখ	১২-১১-২০১৫ থেকে ১৮-১১-২০১৫
(ঙ) বিলম্ব ফি ছাড়া TT স্লিপের টাকা ব্যাংকে জমা দেয়ার শেষ তারিখ	১৯-১১-২০১৫
(চ) প্রতি পরীক্ষার্থী ১০০.০০ (একশত) টাকা হারে বিলম্ব ফিসহ Online-এ ফরম (e-FF) পূরণ ও TT স্লিপ বের করার তারিখ	২০-১১-২০১৫ থেকে ২৪-১১-২০১৫
(ছ) বিলম্ব ফি সহ TT স্লিপের টাকা ব্যাংকে জমা দেয়ার শেষ তারিখ	২৫-১১-২০১৫
(জ) চূড়ান্ত পরীক্ষার্থীর তালিকা বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের Web Site (www.ebmeb.gov.bd/ www.bmeb.gov.bd)-এ প্রদর্শনের তারিখ।	৩০-১১-২০১৫
(ঝ) চূড়ান্ত তালিকা ও TT করা রশিদের ফটোকপি (কেন্দ্র সচিব/তাঁর প্রতিনিধির মাধ্যমে) বোর্ডে হাতে হাতে জমা দেয়ার শেষ তারিখ	০৬-১২-২০১৫
**	রেজিস্ট্রেশনে যে Pass Word ব্যবহার করা হয়েছে সে Pass Word দিয়েই Online-এ ফরম পূরণ করতে হবে।

বিঃ দ্রঃ উল্লেখিত তারিখের পরে কোন অবস্থায় Online-এ ফরম পূরণ ও TT গ্রহণ করা হবে না। এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩. পরীক্ষার্থী নির্বাচন ও করনীয়ঃ

- নিয়মিত, অনিয়মিত (RP), জিপিএ উন্নয়ন ও আংশিক (এক থেকে চার বিষয়/গ্রুপে অকৃতকার্য-যার জন্য যা প্রয়োজ্য) সকল পরীক্ষার্থী বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, কর্তৃক প্রণীত শিক্ষাক্রম ও পাঠ্যসূচি (সিলেবাস) অনুযায়ী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।
- সকল পরীক্ষার্থীর জন্য (GPA উন্নয়ন পরীক্ষার্থী ব্যতীত) নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। যে সকল পরীক্ষার্থী ইতোমধ্যে দাখিল পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তাদের নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণের বিষয়টি বাধ্যতামূলক নয়। নির্বাচনী পরীক্ষার উত্তরপত্র মাদরাসা কর্তৃপক্ষকে যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। প্রয়োজনবোধে নির্বাচনী পরীক্ষার উত্তরপত্র বোর্ড কর্তৃপক্ষকে সরবরাহ করতে হবে।
- ২০১২-২০১৩ ও ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশনধারী যে সকল ছাত্র-ছাত্রীরা ২০১৪ ও ২০১৫ সালের দাখিল পরীক্ষায় অকৃতকার্য হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি, তারা ২০১৬ সালের দাখিল পরীক্ষায় অনিয়মিত (RP) পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।
- ২০১৪ ও ২০১৫ সালের দাখিল পরীক্ষায় অনিয়মিত ও নিয়মিত পরীক্ষার্থীদের মধ্যে ৪র্থ বিষয় বাদে (এক থেকে চার) বিষয়/গ্রুপের অকৃতকার্য পরীক্ষার্থীরা রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে ২০১৬ সালের দাখিল পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। উক্ত পরীক্ষার্থীগণ ৪র্থ বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। পরীক্ষায় অংশগ্রহণকৃত বিষয়/ বিষয়সমূহের প্রাপ্ত GP উত্তীর্ণ বিষয়/ বিষয়সমূহের সংরক্ষিত GP এর সাথে যোগ করে পরীক্ষার্থীর GPA নির্ণয় করা হবে। তবে তারা ইচ্ছা করলে সকল বিষয় পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- কেবল ২০১৫ সালের দাখিল পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে এবং GPA ৫.০০ এর কম পেয়েছে তারা ইচ্ছা করলে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে ২০১৬ সালের দাখিল পরীক্ষায় GPA উন্নয়নের জন্য পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে তাদেরকে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। কোন অবস্থাতেই রেজিস্ট্রেশনে উল্লেখিত বিষয় ও মাদরাসা পরিবর্তন করা যাবে না। তাদের Online-এ ফরম পূরণসহ প্রয়োজনীয় কাগজপত্রের যথাযথানে পূর্বের রেজিস্ট্রেশন নম্বর, রোল নম্বর, প্রাপ্ত GPA উল্লেখ করতে হবে। Online-এ পূরণকৃত ফরমের প্রিন্ট আউট-এর ক্রমিকের স্থলে GPA উন্নয়ন শব্দটি লিখতে হবে। তাদের পরীক্ষার পূরণকৃত ফরমের

Handwritten signature

